

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১৭, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ: ১২ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ/২৫ জানুয়ারি, ২০১৬ খ্রিস্টাব্দ

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.১০৪.২০১২-১২৩—যেহেতু, জনাব মোঃ আনোয়ার হোসেন, চেয়ারম্যান, ভোলাহাট উপজেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ-এর বিরুদ্ধে ভোলাহাট থানার মামলা নং ০৩, তারিখ: ০৭-০৩-২০১৩ খ্রিঃ, জি.আর-২৬/১৩(ভোলা)-এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব মোঃ আনোয়ার হোসেন, চেয়ারম্যান, ভোলাহাট উপজেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ-এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ আনোয়ার হোসেনকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

ড. জুলিয়া মঈন  
সিনিয়র সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd.

(১৫৩৭)

মূল্য : টাকা ৪.০০